

RCS চ্যাট

Jibe Mobile Ltd. (“Jibe Mobile”)

70 Sir John Rogerson’s Quay, Dublin 2, Ireland

<https://support.google.com/>

১৬ মার্চ, ২০২৩-এ আপডেট করা হয়েছে

আগের ভার্সন চালু হয়েছে: [২১ ডিসেম্বর, ২০২০](#)

চুক্তির সারাংশ

- ইউরোপীয় ইউনিয়নের প্রয়োজনীয় আইন অনুযায়ী আমাদের পরিষেবা যেসব মূল এলিমেন্ট অফার করে চুক্তির এই সারাংশ সেটি বর্ণনা করে¹।
- অফার করা বিভিন্ন পরিষেবার মধ্যে তুলনা করতে, আপনাকে সাহায্য করাই আমাদের উদ্দেশ্য।
- আমরা যেসব পরিষেবা অফার করি সেই সম্পর্কিত সম্পূর্ণ তথ্য অন্য ডকুমেন্টে উপলভ্য রয়েছে।

পরিষেবা

RCS চ্যাট, Messages by Google ব্যবহারকারীদের জন্য আপগ্রেড করা ও উন্নত মেসেজিং অভিজ্ঞতা প্রদান করে। RCS চ্যাট মেসেজ পাঠানোর জন্য ইন্টারনেট কানেকশন প্রয়োজন। Jibe Mobile, RCS চ্যাটের সুবিধা দেয়, প্রত্যাশিত স্কিল ও যন্ত্র সহকারে তা করা হয়, যদিও পরিষেবার ক্ষেত্রে কোয়ালিটির ন্যূনতম লেভেল সম্পর্কে কোনও নিশ্চয়তা দেওয়া হয় না।

দাম

RCS চ্যাট ব্যবহার করার জন্য কোনও চার্জ লাগে না এবং এটির ব্যবহার, Jibe Mobile-এর পরিষেবার শর্তাবলী (এই লিঙ্ক থেকে জানুন <https://jibe.google.com/policies/terms/>) এবং Google পরিষেবার শর্তাবলী মেনে চলে (এই লিঙ্ক থেকে জানুন <https://policies.google.com/terms>)।

মেয়াদ, রিনিউয়াল এবং সমাপন

আপনি সাইন-আপ করার সাথে সাথেই RCS চ্যাট ব্যবহার করতে পারবেন। নির্দিষ্ট কোনও সময় ধরে আপনাকে RCS চ্যাট ব্যবহার করতে হবে এমন কোনও বাধ্যবাধকতা নেই এবং আপনি যেকোনও সময় এটি ব্যবহার করা বন্ধ করে দিতে পারেন।

দিব্যাপ্ত গ্রাহকদের জন্য ফিচার

RCS চ্যাটের সাথে আপনি স্ক্রিন রিডার ব্যবহার করতে পারবেন। আরও জানতে, এই লিঙ্কে যান

<https://support.google.com/messages/answer/6105764?hl=en>।

অন্যান্য প্রাসঙ্গিক তথ্য

গ্রাহক সহায়তা: RCS চ্যাটের জন্য সহায়তা ও সাপোর্ট পেতে এই লিঙ্কে যান <https://support.google.com/>.

বিবাদ: আপনি এই লিঙ্কে দেওয়া বিবাদের বিকল্প সমাধান প্রদানকারীর কাছে অভিযোগ জানাতে পারেন

<https://ec.europa.eu/consumers/odr/main/?event=main.adr.show2> অথবা আপনার দেশের আইনি প্রয়োজনাঙ্গি অনুসারে অন্য কোনও প্রদানকারীর কাছেও অভিযোগ জানাতে পারেন। Google পরিষেবার শর্তাবলী থেকে আরও জানুন।

নিরাপত্তা সংক্রান্ত সমস্যা: Jibe Mobile, নিরাপত্তা ও গোপনীয়তা সংক্রান্ত কোনও ঘটনাকে অবিলম্বে শনাক্ত করতে ও সেই বিষয়ে পদক্ষেপ নিতে ২৪/৭ সহায়তা দেয়। এছাড়া, অনলাইনে আপনার নিরাপত্তা ম্যানেজ করার জন্য Jibe Mobile নিরাপত্তা সংক্রান্ত চেকলিস্ট প্রদান করে।

ব্যক্তিগত ডেটা: RCS চ্যাটে সাইন-আপ করতে আপনাকে ফোন নম্বর দিতে হবে। RCS চ্যাট ব্যবহার করার সময় কোন ধরনের ব্যক্তিগত ডেটা Jibe Mobile সংগ্রহ করে, Google-এর গোপনীয়তা নীতি (এই লিঙ্ক থেকে জানুন

¹ ২০১৮ সালের ১১ ডিসেম্বর ইউরোপীয় কাউন্সিল ও ইউরোপীয় পার্লামেন্টের জারি করা নির্দেশিকা (EU) ২০১৮/১৯৭২-এর ১০২(৩)ধারা অনুযায়ী ইউরোপীয়ান ইলেকট্রনিক কমিউনিকেশনস কোড কার্যকর করা হচ্ছে (OJ L 321, 17.12.2018, p. 36)।

<https://policies.google.com/privacy>) থেকে সেই বিষয়ে আরও জানতে পারবেন। আপনার এবং Jibe মোবাইলের মধ্যে চুক্তি বা এই সারাংশের কোনও অংশ Google-এর গোপনীয়তা নীতি মেনে হয় না।